বিকেলের খাবার পরিবেশন করা হলে মাগরিবের সলাতের পূর্বে তা খেয়ে নিবে। খাওয়া রেখে সলাতে তাড়াহুড়া করবে না।

আনাস ইব্নু মালিক রাদয়িাল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, বিকেলের খাবার পরিবেশন করা হলে মাগরিবের সলাতের পূর্বে তা খেয়ে নিবে। খাওয়া রেখে সলাতে তাড়াহুড়া করবে না”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

অর্থাৎ যখন খানা উপস্থিত হয় এবং সালাতের সময়ও উপস্থিত তখন সালাতের পূর্বে খাবার গ্রহণ কর। এমনকি যদিও সালাত সংক্ষিপ্ত সময় ও সীমিত সময় বিশিষ্ট হয়। যেমন, মাগরিবের সালাত। যাতে মুসাল্লীর অন্তর সালাতের মধ্যে খানার প্রতি মনোযোগী না হয়। আবূ দারদা বলেন, মানুষের বুদ্ধিমত্তা হলো তার প্রয়োজন সেরে নেওয়া যাতে সালাতের প্রতি এমন সময় ঝুঁকে যে সময় তার অন্তর খালি। এটি তার থেকে ইমাম বুখারী তা‘লীক হিসেবে বর্ণনা করেছেন।

https://sunnah.global/hadeeth/bn/show/10876